Durga Puja in America

আমেরিকার রোড আইল্যান্ড দেখল সর্বপ্রথম দুর্গাপুজো, আয়োজনে ‘মৈত্রী’

আমেরিকায় অন্য অনেক রাজ্যে এক বা একাধিক দুর্গাপুজো হলেও রোড আইল্যান্ডে এযাবৎ কোনোদিন দুর্গোৎসব আয়োজিত হয়নি।



ছবি সংগৃহিত

আনন্দবাজার অনলাইন ডেস্ক

শেষ আপডেট: ১৫ অক্টোবর ২০২৪ ১২:১৩

Share: Save:

মার্কিন যুক্তরাষ্ট্রের রোড আইল্যান্ডে এইবছর সর্বপ্রথম দুর্গাপুজো আয়োজন করা হয়েছিল ৫ই এবং ৬ই অক্টোবর, রোড আইল্যান্ড-এর বাঙালি অ্যাসোসিয়েশন 'মৈত্রী'র উদ্যোগে। আমেরিকায় অন্য অনেক রাজ্যে এক বা একাধিক দুর্গাপুজো হলেও রোড আইল্যান্ডে এযাবৎ কোনোদিন দুর্গোৎসব আয়োজিত হয়নি। সেদিক থেকে দেখতে গেলে মৈত্রীর এই উদ্যোগ এক উল্লেখযোগ্য মাইলফলক তৈরী করলো রোড আইল্যান্ডের ইতিহাসে।



ঢাক বাজাচ্ছেন বলিউড তারকা রোহিত রায়

দুই দিনের এই আনন্দ উৎসবে জনসমাগম এবং স্বতঃস্ফূর্ততা ছিল চোখে পড়ার মতো। খাওয়াদাওয়া, সাংস্কৃতিক অনুষ্ঠান, সন্ধ্যা আরতি, ধুনুচি নাচ, ঢাক বাজানো প্রতিযোগিতা সব কিছুরই আয়োজন ছিল। উপস্থিত ছিলেন বলিউড তারকা রোহিত রায় এবং বাংলাদেশের জনপ্রিয় সঙ্গীতশিল্পী মহিতোষ তালুকদার তাপস। বাঙালি-অবাঙালি দেশ-জাতি-ধর্ম নির্বিশেষে উপস্থিত ছিলেন ভারত, আমেরিকা, বাংলাদেশ, শ্রীলঙ্কা, ইরান, নেপাল, পাকিস্তান ইত্যাদি নানান দেশের নাগরিকরা। সবমিলিয়ে দুদিনব্যাপী এই আনন্দ উৎসব পরিণত হয়েছিল এক মহামিলন উৎসবে।